



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা



স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১৫.১৪১.১৭-

৮৫৪৬

তারিখঃ ২২/১৫/১৪২৮ বঃ  
২০/১১/২০২১ খ্রিঃ

বিষয়: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং মাঠ পর্যায়ের সকল অফিসসমূহে ই-নথি কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ সংক্রান্ত।


সূত্র: (১) অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১৫.১৪১.১৭-১১; তারিখ: ৩১/৩/২০১৯  
(২) অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১৫.১৪১.১৭-১২২৭৩; তারিখ: ১৫/১০/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৩/৭/২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৭-২০৮ সংখ্যক স্মারকে ই-নথি সিস্টেমের মাধ্যমে পত্রগ্রহণ ও পত্রজারির নির্দেশনা প্রদান করা হয় এবং সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ১৫(১)(খ) ও (গ)-এ সংশ্লিষ্ট অফিসসমূহে পত্র যোগাযোগসহ ইলেক্ট্রনিক নোটিং, ফাইলিং ও ইলেক্ট্রনিক স্বাক্ষর ব্যবহারের মাধ্যমে সকল অফিসে পর্যায়ক্রমে ইলেক্ট্রনিক অফিস পদ্ধতি চালু করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। তদপ্রেক্ষিতে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল অফিসসমূহে ই-নথি বাস্তবায়নের বিষয়ে সূত্রোক্ত স্মারকদ্বয়ের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, রূপকল্প ২০২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের আওতাধীন জেলা দপ্তরসমূহে ই-নথি সিস্টেম ব্যবহারের লক্ষ্যে বিভাগীয় কমিশনার/স্ব-স্ব জেলা প্রশাসক কার্যালয়ে আইটি শাখার সাথে যোগাযোগপূর্বক জরুরি ভিত্তিতে বিভাগীয়/জেলা কর্মকর্তা ও তার দপ্তরের কমপক্ষে ০২ (দুই) জন সহায়ক কর্মচারীসহ মোট ০৩ (তিন) জন কর্মকর্তা/কর্মচারীকে দ্রুত ই-নথি প্রশিক্ষণ গ্রহণ ও ই-নথি কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত সংযুক্ত ছক মোতাবেক তথ্য প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।

০৩। উল্লেখ্য, মাঠ পর্যায়ে ই-নথি আইডি খোলা এবং কার্যকরভাবে প্রচলনে যে কোনো রকমের শৈথিল্য প্রদর্শনের জন্য সংশ্লিষ্ট জেলা কর্মকর্তাকে ব্যক্তিগতভাবে দায়ী করা হবে।

সংযুক্তি: যথাবর্ণিত।

  
মোঃ হাবিবুর রহমান  
পরিচালক (প্রশাসন ও অর্থ)

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। জেলা প্রশাসক.....(সকল)
- ০২। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, ঢাকা।
- ০৩। উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.....(সকল)।
- ০৪। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.....(সকল)।
- ০৫। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স.....(সকল)।
- ০৬। সিনিয়র স্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।)
- ০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫৬

‘ছক’

ক্রমিক	ই-ফাইল প্রশিক্ষণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	যে দপ্তরে কর্মরত	মোবাইল নম্বর	এনআইডি নম্বর	জন্ম তারিখ	ই-ফাইল আইডি নম্বর	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৮		

✓  
৩০/০২/২০২১  
মাঃ হাফিজুল রহমান  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিকেন্স  
মহিদপুর, ঢাকা।